

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১৯২৫

৩০/ সাওম/রোযা (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৩০/২২. নাপাক অবস্থায় সওম পালনকারীর সকাল হওয়া।

بَابِ الصَّائِمِ يُصْبِحُ جُنْبًا

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ عَنْ مَالِكَ عَنْ سُمَيّ مَوْلَى أَبِي بَكْرِ بِنِ عَبْدِ الرَّحْمٰنِ قَالَ كُنْتُ أَنَا وَأَبِي حِينَ لَحَلْنَا عَلَى عَائِشَةَ وَأُمِّ سَلَمَةَ ح و حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبَ عَنْ الزُّهْرِيِّ قَالَ لَحْبَرَنِي أَبُو بَكْرِ بْنُ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ أَنَّ أَبَاهُ عَبْدَ الرَّحْمٰنِ أَخْبَرَ الْحَارِثِ بْنِ هِشَامٍ أَنَّ أَبَاهُ عَبْدَ الرَّحْمٰنِ أَخْبَرَ الْحَارِثِ بْنِ هِشَامٍ أَنَّ أَبَاهُ عَبْدَ الرَّحْمٰنِ أَخْبَرَ الْحُبْرَ الْحُبْرَ اللهِ عليه وسلم كَانَ يُدْرِكُهُ مَرْوَانَ أَنَّ عَائِشَةَ وَأُمَّ سَلَمَةَ أَخْبَرَتَاهُ أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم كَانَ يُدْرِكُهُ الْفَجْرُ وَهُو جُنُبٌ مِنْ أَهْلِهِ ثُمَّ يَغْتَسِلُ وَيَصُومُ وَقَالَ مَرْوَانُ لِعَبْدِ الرَّحْمٰنِ بْنِ الْحَارِثِ أَقْشِمُ بِاللهِ لَتُقَرِّعَنَ بِهِا أَبَا هُرِيْرَةَ وَمَرْوَانُ يَوْمَئِذِ عَلَى الْمَدِينَةِ فَقَالَ أَبُو بَكْرٍ فَكَرِهَ فَلَكِ عَبْدُ الرَّحْمٰنِ ثُمَّ قُولَا أَنْ نَجْتَمِعَ بِذِي الْحُلَيْفَةِ وَكَانَتْ لاَبِي هُرَيْرَةَ هُنَالِكَ أَرْضَ فَقَالَ عَبْدُ الرَّحْمٰنِ لأَبِي هُرَيْرَةَ إِنِّي ذَاكِرٌ لَكَ أَمْرًا وَلَوْلاَ مَرْوَانُ أَقْسَمَ عَلَيَّ فِيهِ لَمْ أَنْكُرُهُ لَكَ عَبْدُ الرَّحْمٰنِ لأَبِي هُرَيْرَةَ إِنِي ذَاكِرٌ لَكَ أَمْرًا وَلَوْلاَ مَرْوَانُ أَقْسَمَ عَلَيَّ فِيهِ لَمْ أَنْكُرُهُ لَكَ عَلَا اللهَ بْنِ عُمَرَ عَنْ أَبِي هُرَيْرَةَ وَقَالَ هَمَّامُ وَقَالَ هَمَّامُ وَاللّهُ بْنُ عُمْر وَالْأَوْلُ أَبْنِ عُمْر عَنْ أَبِي هُرَيْرَةً كَانَ النَيْيُ يَأُمُرُ بِالْفِطْرِ وَالْأَوْلُ وَالْأَوْلُ وَاللّهُ بن عُمَر عَنْ أَبِي هُرَيْرَةً كَانَ النَّيِيُّ يَأْمُرُ بِالْفِطْرِ وَالْأَوْلُ وَالْا قَالُ هَمَّامُ وَالْا وَلُولُ وَاللّهُ عَلْ وَالْمُ وَاللّهُ وَلُ عَالِلُهُ لِللهِ بْنِ عُمَر عَنْ أَبِي هُرَوَالَ كَالَ النَّيِيُّ يَأُمُرُ بِالْفِطْرِ وَالْأَوْلُ وَلُو مَلَا اللهُ الْمَالَ لُكَ اللّهُ عَلْمُ وَاللّهُ عَلْولَ وَالْمُؤْولُ وَاللّهُ عَلْمَ وَاللّهُ وَلُو مَنْ اللّهُ عَلْمُ وَاللّهُ وَلَاقًا لَا اللّهُ عَلْمُ الللّهُ عَلَى اللّهُ عَلْمُ لَا اللّهُ عَلْمَ الْمَالِلْكُولُو اللّهُ اللّهُ اللّهُ عَلْلُ اللّهُ اللّه

বাংলা

১৯২৫-১৯২৬. আবৃ বকর ইবনু 'আবদুর রাহমান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি এবং আমার পিতা 'আয়িশাহ্ (রাযি.) এবং উন্মু সালামাহ (রাযি.)-এর নিকট গেলাম। (অপর বর্ণনায়) আবুল ইয়ামান (রহ.)...মারওয়ান (রহ.) হতে বর্ণিত যে, 'আয়িশাহ্ (রাযি.) এবং উন্মু সালামাহ (রাযি.) তাকে সংবাদ দিয়েছেন যে, নিজ স্ত্রীর সাথে মিলনজনিত জুনূবী অবস্থায় আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ফজরের সময় হয়ে যেত। তখন তিনি গোসল করতেন এবং সওম পালন করতেন। মারওয়ান (রহ.) 'আবদুর রাহমান ইবনু হারিস (রহ.)-কে বললেন, আল্লাহর শপথ করে বলছি, এ হাদীস শুনিয়ে তুমি আবৃ হুরাইরাহ্ (রাঃ)-কে শক্ষিত করে দিবে। এ সময় মারওয়ান (রহ.) মাদ্বীনার গভর্নর ছিলেন। আবৃ বকর (রহ.) বলেন, মারওয়ান এর কথা 'আবদুর



রাহমান (রহ.) পছন্দ করেননি। রাবী বলেন, এরপর ভাগ্যক্রমে আমরা যুল-হুলাইফাতে একত্রিত হই। সেখানে আবৃ হুরাইরাহ্ (রাঃ)-এর একখন্ড জমি ছিল। 'আবদুর রাহমান (রহ.) আবৃ হুরাইরাহ্ (রাঃ)-কে বললেন, আমি আপনার নিকট একটি কথা বলতে চাই, মারওয়ান যদি এ বিষয়টি আমাকে কসম দিয়ে না বলতেন, তা হলে আমি তা আপনার সঙ্গে আলোচনা করতাম না। অতঃপর তিনি 'আয়িশাহ্ (রায়ি.) ও উন্মু সালামাহ (রায়ি.)-এর বর্ণিত উক্তিটি উল্লেখ করলেন। ফাফ্ল ইবনু 'আব্বাস (রাঃ) অনুরূপ একটি হাদীস আমাকে শুনিয়েছেন এবং এ বিষয়ে তিনি সর্বাধিক অবগত। হান্মাম (রহ.) এবং ইবনু 'আবদুল্লাহ ইবনু 'উমার সূত্রে আবৃ হুরাইরাহ্ (রাঃ) হতে বর্ণিত, এরূপ ক্ষেত্রে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সওম পরিত্যাগ করে খাওয়ার হুকুম দিতেন। প্রথমোক্ত হাদীসটি সনদের দিক হতে বিশুদ্ধ। (১৯২৫-১৯৩০, ১৯৩১) (১৯২৬-১৯৩২, মুসলিম ১৩/১৩, হাঃ ১১০৯, আহমাদ ২৬৬৯২) (আধুনিক প্রকাশনীঃ ১৭৮৯, ইসলামিক ফাউন্ডেশনঃ১৮০০)

English

Narrated `Aisha and Um Salama:

At times Allah's Messenger (ﷺ) used to get up in the morning in the state of Janaba after having sexual relations with his wives. He would then take a bath and fast.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকর ইবনু 'আবদুর রহমান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন